



ডি.ও নং ৩৬.০০.০০০০.০৬৭.২৬.০০২.১৬- ৪৫

৬ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিঃ  
তারিখঃ  
২৪ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ

*সচিব*

আপনি অবগত আছেন যে, শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ ইল্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) নিয়ন্ত্রিত কারখানা সমূহ শিল্পে ব্যবহৃত বিভিন্ন ধরনের পণ্য উৎপাদন ও বাজারজাত করে থাকে। এ সকল পণ্যসামগ্রী গুণ ও মানে উৎকৃষ্ট। বিএসইসি নিয়ন্ত্রিত শিল্প প্রতিষ্ঠান এবং বেসরকারি খাতে উৎপাদিত সমজাতীয় প্রতিযোগী পণ্যের মূল্য নির্ধারণে (Pricing) বেসরকারি খাত সর্বদা সুবিধাজনক অবস্থায় থাকে। মূল্য নির্ধারণ এবং বাজারজাতকরণে (Marketing) বেসরকারি খাত সুবিধাজনক অবস্থানে থাকায় প্রতিদ্বন্দী হিসেবে বিএসইসি কর্তৃক উৎপাদিত পণ্য অসম প্রতিযোগিতার সম্মুখীন হচ্ছে। এতদসত্ত্বেও সীমিত পরিসরে জাতীয় অর্থনীতিতে প্রতিষ্ঠানগুলো পুনরুৎপাদন অবদান রেখে চলেছে।

০২। বাংলাদেশ ইল্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) এর নিয়ন্ত্রিত প্রতিষ্ঠান গাজী ওয়ারস লিঃ এর উৎপাদিত সুপার এনামেল তামার তার আন্তর্জাতিক মান সম্পন্ন। এতে ৯৯.৯৯% খাঁটি কমটিনিউমাস কাস্ট হট রোল্ড ওয়্যাক কোটেড ইলেকট্রোলাইটিক কপার ওয়্যাক ব্যবহার এবং উন্নতমানের ডার্নিস দ্বারা জারের ইনসুলেশন দেয়া হয়। সে জন্য গাজী ওয়ারস এর উৎপাদিত তারের বৈদ্যুতিক বল সহনীয় ক্ষমতা আদর্শমান অপেক্ষা ২.৫ থেকে ৩.০ গুণ বেশী। অন্য দিকে বেসরকারি প্রতিষ্ঠান সমূহ স্থানীয় ভাবে সংগৃহীত কাঁচামাল দ্বারা নিম্নমানের পণ্য উৎপাদন করে কম মূল্যে বাজারজাত করছে যা অধিকাংশের স্থায়ীত্ব ও গুণগতমান পরীক্ষিত নয় মর্মে উদ্বার ব্যবহার ঝুঁকিপূর্ণ। পক্ষান্তরে গাজী ওয়ারস লিঃ এর উৎপাদিত পণ্য বাজারে প্রাপ্ত যে কোন পণ্যের তুলনায় অধিক মানসম্পন্ন; বিদ্যুৎ সাশ্রয়ী, ব্যবহার উপযোগী এবং পরিবেশ সাক্ষর। জাই বিদ্যুৎ বিভাগের অধীনস্থ বিভিন্ন সংস্থাসমূহে গাজী ওয়ারস লিঃ এর উৎপাদিত তামার তার ব্যবহার করা হলে আন্তর্জাতিক মানের সামগ্রী প্রাপ্তির সাথে সাথে সাশ্রয়ীও হবে।

০৩। গাজী ওয়ারস লিঃ (ISO:9001-2008 Certified Company) বিএসটিআই কর্তৃক আইসেল প্রাপ্ত। প্রতিষ্ঠানটি উৎকৃষ্ট মানের সুপার এনামেল তামার তার, হার্ডডন বেয়ার তামার তার ও এ্যানিল্ড তামার তার উৎপাদন করে দেশের বিদ্যুৎ ব্যবস্থাকে সার্বিকভাবে নিরাপদ ও ঝুঁকিমুক্ত রাখতে পুনরুৎপাদন ডুমিকা পালন করছে। গাজী ওয়ারস লিঃ কর্তৃক উৎপাদিত উন্নতমানের তামার তার সরকারি ভবনসমূহে বিদ্যুৎ সংস্থান বজায়ে ব্যবহৃত হলে এক দিকে উৎকৃষ্ট পণ্য ব্যবহার ও অন্যদিকে দীর্ঘ সময়ের নিষ্ক্ষমতা পাওয়া যাবে।

০৪। উল্লেখ্য, পরিকল্পনা মন্ত্রণালয়ে গত ০২ মার্চ, ২০১৩ তারিখে একনেক সভায় এ সম্পর্কিত সিদ্ধান্ত গৃহীত হয় যে, বাংলাদেশ ইল্পাত ও প্রকৌশল কর্পোরেশনের অধীনস্থ শিল্প কারখানায় উৎপাদিত পণ্য সামগ্রী সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহ বিনা টেন্ডারে সরাসরি ক্রয় করতে পারবে। পাশাপাশি গত ০২/০৩/২০১০ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় গৃহীত নিয়ন্ত্রিত সিদ্ধান্তটি ১৪/১০/২০১০ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে সংশ্লিষ্ট সরকারকে অবহিত করা হয়েছে যা নিম্নরূপ-

"এখন, হতে সকল সরকারি Procurement এর ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানে উৎপাদিত, চম্বা সামগ্রী অগ্রাধিকার ভিত্তিতে ক্রয় করতে হবে। সরকারি প্রতিষ্ঠানে প্রয়োজনীয় মালামাল পাওয়া না গেলে বাইর থেকে ক্রয় করা যাবে।"

বিএসইসির নিয়ন্ত্রণাধীন গাজী ওয়ারস লিঃ এর উৎপাদিত পণ্য বিক্রয় পরিস্থিতি পর্যালোচনারফলে পরিলক্ষিত হচ্ছে যে, বিদ্যুৎ বিভাগ ও এর অধীন সরকারী দপ্তর/পরিদপ্তর/অধিদপ্তর/সংস্থা/করপোরেশনগুলোর উপরোক্ত নির্দেশনা যথাযথ অনুসরণে আরও আহ্বানিক হওয়া প্রয়োজন।

০৫। বর্নিতাবস্থায়, গাজী ওয়ারস লিঃ এর উৎপাদিত আন্তর্জাতিক মান সম্পন্ন, বিদ্যুৎ সাশ্রয়ী, পরিবেশ সাক্ষর সুপার এনামেল তামার তার, হার্ডডন বেয়ার তামার তার ও এ্যানিল্ড তামার তার দরপত্র আহ্বান ব্যতিরেকে সরাসরি ক্রয়ের নিষিদ্ধ আলনার মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনার ব্যক্তিগত দৃষ্টি আকর্ষণ করছি।

*সচিব*

একান্তভাবে আপনায়,

*Amir*  
০৬/১২/১৭  
মোঃ মোশাররফ হোসেন কুইয়া, এমডি(সি)

ড. আহমেদ কাম্বাকাস  
ভারপ্রাপ্ত সচিব  
বিদ্যুৎ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

*সচিব*